




সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ সোহেল মারুফ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল
সভার তারিখ : ১৯/০১/২০২৩ খ্রি.
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
সভায় উপস্থিতি : (সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত)।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয়েছে। এ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির বিষয়টি উল্লেখ করা হয়েছে। প্রতি তিনমাস অন্তর পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভা আহ্বানের সদয় নির্দেশনা রয়েছে। এ ধারাবাহিকতায় সভা আহ্বান করা হয়েছে। সভায় এ কার্যালয়ের সেবার মানোন্নয়নের লক্ষ্যে সার্বিক আলোচনার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়। সভায় উপস্থিত সদস্যগণ সেবার মানোন্নয়নে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	সেবা প্রদান প্রতিশ্রুতিসমূহ ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন অব্যাহত রাখতে হবে।	সহকারী কমিশনার, আইসিটি শাখা অত্র কার্যালয়
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে কেন্দ্রীয়ভাবে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান প্রতিশ্রুতি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ সোহেল মারুফ)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও

সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি
বরিশাল


২২/০১/২৩


স্মারক নম্বর: ০৫.১০.০৬০০.১০৬.৫৩.০০১.২৩-৬৯

তারিখ: ০৫ মাঘ ১৪২৯
১৯ জানুয়ারি ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল
- ৩। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। সহকারী কমিশনার, ব্যবসা ও বাণিজ্য শাখা/জুডিসিয়াল মুসিখানা শাখা/শিক্ষা ও কল্যাণ শাখা/সাধারণ শাখা, অত্র কার্যালয়
- ৫। অফিস কপি।

(মোঃ সোহেল মারুফ)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
বরিশাল


২৩/০১/২৩